

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
১৮৯/৪৮৫-৮৭, শিমরাইলকান্দি, ব্রাহ্মণবাড়িয়া।
http://food.brahmanbaria.gov.bd
www.dgfood.gov.bd

স্মারক নং- ১৩.০৩.১২০০.০০৫.৫০.০০১.১৬-

তারিখ-

প্রাপকঃ সাইলো অধীক্ষক,
আশুগঞ্জ সাইলো, আশুগঞ্জ।

বিষয়ঃ সড়ক পথে ৫০০ মে.টন গমের চলাচল উপ-সূচী।

সূত্রঃ চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা এর ১৪/০২/১৮ তারিখের ১৪১ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আশুগঞ্জ সাইলো হতে ৫০০ মে.টন গম সংরক্ষণ ও চলাচল কর্মকর্তার কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া সদর এলএসডি'তে পরিবহনের জন্য অভ্যন্তরীণ সড়ক পরিবহন ঠিকাদারের অনুকূলে ক্রমানুসারে নিম্নোক্ত উপ-সূচী জারী করা হলঃ

ক্র/নং	প্রেরন কেন্দ্র	প্রাপক কেন্দ্র	পণ্য	পরিবহন ঠিকাদারের নাম	পরিমাণ
১	সাইলো অধীক্ষক, আশুগঞ্জ সাইলো।	সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া সদর এলএসডি	গম	মে/আঃ জব্বার ট্রেডার্স	১৬৭.০০০ মে.টন
				মে/সালিম এন্টারপ্রাইজ	১৬৭.০০০ মে.টন
				মে/নুরুল ইসলাম এন্ড ব্রাদার্স	১৬৬.০০০ মে.টন
				মোট =	৫০০.০০০ (পাঁচশত) মে.টন

- উক্ত সূচীর মেয়াদ আগামী ১৮/০২/২০১৮ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।
- প্রেরক ঠিকাদার/প্রতিনিধির উপস্থিতিতে বস্তায় ক্রয়কেন্দ্র ও মিলের স্টেনসিল আছে- তা নিশ্চিত হয়ে পরিবহন যানে খাদ্যশস্য বোঝাই দিবেন।
- কোনো ভাবেই নিম্নমানের ও কীট-যুক্ত খাদ্য শস্য প্রেরণ করা যাবে না।
- প্রেরণকৃত খাদ্যশস্যের গুণগত মান, প্রকার ইত্যাদি ডি-ইনভয়েসে উল্লেখ পূর্বক প্রেরন কেন্দ্র বিধি মোতাবেক ডি-ইনভয়েস ইস্যু করবেন এবং প্রেরণ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ও ঠিকাদারের যৌথ স্বাক্ষরে খাদ্যশস্যের নমুনা সীলগালা সমেত প্রাপক কেন্দ্রে নমুনা প্রেরণ করবেন, প্রেরণ কেন্দ্র ও ঠিকাদার একটি করে নমুনা সংরক্ষণ করবেন।
- ঠিকাদার কর্তৃক ট্রাক স্থাপনের সঙ্গে সঙ্গে অগ্রাধিকার ভিত্তিতে বোঝাই এবং বোঝাইকৃত মালামাল ত্রিপ্রল দ্বারা ঢেকে বেঁধে দিতে হবে ও প্রাপক কেন্দ্র সঠিক ওজনে মালামাল খালাস করবেন।
- চলাচল সূচীর প্রাপ্ত মালামাল ইনভেন্ট্রির মাধ্যমে গ্রহণ করতে হবে। মালামাল প্রাপ্তির শেষে প্রাপক কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা উক্ত ইনভেন্ট্রির ০১ (এক) কপি প্রাপক কেন্দ্রে এবং ০১ (এক) কপি অত্র দপ্তরে প্রেরণ করবেন। মালামাল প্রাপ্তির শেষে প্রাপক কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক এর যৌথ স্বাক্ষরে প্রাপ্তির পূর্ণাঙ্গ প্রতিবেদন অত্র দপ্তরে প্রেরণ করতে হবে।
- নির্ধারিত সময়ের মধ্যে মালামাল পরিবহনে ব্যর্থ হলে সংশ্লিষ্ট ঠিকাদারের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ডি-ইনভয়েসে ভারপ্রাপ্ত কর্মকর্তার অংশ ও প্রতিনিধির অংশ সঠিকভাবে পূরণ করতে হবে।
- চুক্তি মোতাবেক চলাচল কার্যক্রম পরিচালিত হবে।

স্বাক্ষর:

(সাজ্জাদ হোসেন)

জেলা খাদ্য নিয়ন্ত্রক

ব্রাহ্মণবাড়িয়া।

ফোন : ০৮৫১-৫৮২৩২।

e-mail : dcf.bbr@dgfood.gov.bd

তারিখ-

১৪/২/১৮

স্মারক নং- ১৩.০৩.১২০০.০০৫.৫০.০০১.১৬

১৪/০২/১৮

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে।

১) পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

২) জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।

৩) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম।

৪) পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া।

৫) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। (উক্ত সূচিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)

৬) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া সদর। জারীকৃত সূচী মনিটরিং করার জন্য আপনাকে বলা হল।

৭) সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া সদর এলএসডি।

৮) কারিগরী খাদ্য পরিদর্শক, অত্র দপ্তর।

৯) হিসাব শাখা/সরবরাহ শাখা, অত্র দপ্তর।

১০) মেসার্স , সড়ক পরিবহন ঠিকাদার, ব্রাহ্মণবাড়িয়া।

১১) মাষ্টার নথি।

একমাত্র রাষ্ট্রীয় কাজে ব্যবহৃত



প্রেরন সহকারী
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
ব্রাহ্মণবাড়িয়া।

স্বাক্ষর:
জেলা খাদ্য নিয়ন্ত্রক
ব্রাহ্মণবাড়িয়া।